

## Semester 4

### Chapter-4

# Anaemia prophylaxis programme

## অপুষ্টিজনিত রক্তাল্পতা দূরীকরণ প্রকল্প (NNAPP-National Nutritional Anaemia Prophylaxis Programme)

প্রকল্পের সূচনা-ভারত সরকার 1970 খ্রীষ্টাব্দে এই প্রকল্পটি চালু করেন।

**প্রকল্পের উদ্দেশ্য**-1. যেসব মায়াদের এবং শিশুদের রক্তে হিমগ্লোবিনের পরিমাণ যথাক্রমে প্রতি 100ml রক্তে 10gএবং8g এর কম,তাদের রক্তাল্পতা প্রতিরোধী চিকিৎসার অধীনে আনা।2. যেসব মায়ের এবং শিশুদের রক্তে হিমগ্লোবিনের পরিমাণ যথাক্রমে প্রতি 100ml রক্তে 10gএবং 8g এর বেশি, কিন্তু স্বাভাবিকের চেয়ে কম তাদের রক্তাল্পতা প্রতিরোধী প্রকল্পের অধীনে আনা।3. লৌহ এবং ফোলিক অ্যাসিডসমৃদ্ধ ট্যাবলেট বিতরণ ও খাওয়ানোর বিষয়ে নজরদারি করা। এছাড়া, মাঝে মাঝে ট্যাবলেট প্রাপকদের রক্তের হিমগ্লোবিনের মাত্রা পরীক্ষা করা।4. মায়েরা যাতে নিজেরা IFA ট্যাবলেট খায় এবং প্রয়োজনে শিশুদের খাওয়ায়, সে বিষয়ে তাদের সচেতন করা।

**প্রকল্পের কাজ**- রক্তাল্পতা প্রতিরোধের জন্য সরকারের পক্ষ থেকে বিনামূল্যে IFA ট্যাবলেট বিতরণ করা হয়।শিশুদের তরল সিরাপের ব্যবস্থা করা হয়। লৌহসমৃদ্ধ লবণ যাতে বাজারে বিক্রি হয়, সেই ব্যাপারেও বিশেষ পদক্ষেপ নেওয়া হয়। সাধারণ লবণের সঙ্গে ফেরিক অর্থোফসফেট এবং সোডিয়াম সালফেট যুক্ত করে স্বগন্ধে সমৃদ্ধ করার বিষয়ে পরামর্শ দান করা হয়।

**প্রকল্পের তদারকির দায়িত্ব**- এই প্রকল্পের তদারকির দায়িত্ব দেওয়া হয়, গ্রামাঞ্চলের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিকে এবং শহরাঞ্চলের মাতৃমঙ্গল এবং শিশু স্বাস্থ্যকেন্দ্রগুলিকে। এছাড়া, বিভিন্ন অঞ্চলের সুসংহত শিশুবিকাশ কেন্দ্রগুলিও এই প্রকল্প রূপায়নের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে। বিশ্বস্বাস্থ্যসংস্থা(WHO) এর সমীক্ষা অনুযায়ী ভারতে রক্তাল্পতা রোগে আক্রান্তের হার নিম্নরূপ-

প্রাক-বিদ্যালয়গামী শিশু-76%, বিদ্যালয়গামী বালক বালিকা-50%,পুরুষ-15-25%,মহিলা-50-80%,গর্ভবতী নারী-70-90%।

বর্তমানে সর্বশিক্ষা মিশনের পক্ষ থেকে বিদ্যালয়গামী ছাত্রছাত্রীদের রক্তাল্পতা প্রতিরোধের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।2013সালে সারা দেশজুড়ে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের মধ্যে আয়রণ ও ফোলিক অ্যাসিডসমৃদ্ধ ট্যাবলেট বিতরণের ব্যবস্থা হয়েছে। সপ্তাহে একদিন করে চোদ্দ সপ্তাহে মোট চোদ্দটি ট্যাবলেট প্রত্যেক ছাত্রের জন্য বরাদ্দ করা হয়েছে।